কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

হলি ডে হোম
বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 22 MARCH 2026 ,SUNDAY|২২ মার্চ ২০২৬ ,রবিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-110

## দুর্যোগপূর্ণ আবহাওয়ায় বরফে ঢাকলো সান্দাকফু, খুশী পর্যটকরা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২১ মার্চ :** কয়েকদিন ধরেই লাগাতার বৃষ্টি ও ঝোড়ো হাওয়া চলছে উত্তরবঙ্গ জুড়ে। এই দুর্যোগপূর্ণ আবহাওয়ায় শনিবার আচমকাই বরফ পড়তে শুরু করে দার্জিলিং এর সান্দাকফুতে। সাদা বরফে ঢেকে যায় সান্দাকফু। অসময়ে বরফ দেখে খুশিতে ডগমগ পর্যটকরা। তারা জানান এই সময় বরফ দেখতে পাবেন এটা তাদের কল্পনাতেও ছিলোনা। বরফ দেখে তারা যারপরনাই খুশী। জানা গেছে ছয় ইঞ্চি পুরু বরফের চাদরে রাস্তাঘাট ঢেকে যাওয়ায় বন্ধ রয়েছে যানবাহন চলাচল, আটকে পড়েছেন বহু পর্যটক।পাহাড়ে বরফ ও সমতলে লাগাতার বৃষ্টির জন্য সমস্যা হচ্ছে উদ্ধারকাজে। পরিস্থিতির দিকে নজর রাখছে প্রশাসন।

## হাওড়ার "সাঁতরাগাছি কেন্দ্রীয় বিদ্যালয়ের" পাশেই পড়ে রয়েছে নোংরা আবর্জনার স্তূপ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২১ মার্চ :** সুস্থ জায়গায় সুস্থ মনের বিকাশ । বিদ্যালয় হল এমন একটি জায়গা যেখানে সুস্থ মনের বিকাশের মাধ্যমে ছাত্র ছাত্রীদের ভবিষ্যৎ তৈরি হয় । কিন্তু ছবিটি বাস্তবে কি তাই ? হাওড়ার "সাঁতরাগাছি কেন্দ্রীয় বিদ্যালয়" এর পাশেই পড়ে রয়েছে আবর্জনার স্তূপ। কেন্দ্রীয় সরকারি বিদ্যালয়ের পাশে এরূপ দৃশ্যে হতভাগ স্কুলে আসা পড়ুয়া থেকে অভিভাবক সকলেই । যেখানে কেন্দ্রীয় সরকার "স্বচ্ছ ভারত" অভিযান চালাচ্ছে , চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে। সেখানেই কেন্দ্রীয় সরকারি বিদ্যালয়ের পাশেই নোংরা আবর্জনার স্তূপ। ছাত্র ছাত্রীদের থেকে অভিভাবক সকলের প্রতিক্রিয়া, কেন্দ্রীয় সরকারি বিদ্যালয়ের পাশে এরূপ দৃশ্য কোনভাবেই কাম্য নয় । বহু দূর দূরান্ত থেকে বহু ছাত্র ছাত্রীরা এই সাঁতরাগাছি কেন্দ্রীয় বিদ্যালয়ে পড়াশোনা করে । বহু ছাত্র ছাত্রীদের মতে এরকমই নোংরা দেখলে ঘেন্না লাগে । এলাকাবাসীদের মতে বহু দিন ধরে এই নোংরা পড়ছে কেন্দ্রীয় বিদ্যালয়ের পাশেই। মাঝেমধ্যেই রাস্তায় বালি , পাথর পড়ে থাকে ,বহুবার বহু লোকের দূর্ঘটনা ও ঘটেছে ।

হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



# ধূপগুড়িতে নির্বাচনী আবহ যেন আটকে পড়েছে আলুর খেতে



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২১ মার্চ :** ভোট ঘোষণা হতেই রাজনৈতিক তৎপরতা বেড়েছে ঠিকই, কিন্তু মাঠে দেখা মিলছে না সেই চেনা কর্মী-সমর্থকদের ভিড়। ধূপগুড়িতে নির্বাচনী আবহ যেন আটকে পড়েছে আলুর খেতে। আলুর পচন আর বাজারে দাম না থাকায় জমে উঠছে না নির্বাচনী প্রচার— এমনটাই মনে করছেন রাজনৈতিক মহলের একাংশ।রাজনৈতিক দলগুলির দাবি, আলু তোলা শেষ না হলে প্রচারে বড়সড় প্রভাব পড়বে। কর্মী-সমর্থকদের একটি বড় অংশই এখন মাঠমুখী। ফলে দলীয় কার্যালয়গুলিতে কার্যত ভাঁটা পড়েছে উপস্থিতিতে। ধূপগুড়ির অর্থনীতি মূলত আলুকে ঘিরেই আবর্তিত। এলাকার প্রায় প্রতিটি পরিবার কোনও না কোনও ভাবে আলু চাষ বা ব্যবসার সঙ্গে যুক্ত। অথচ এ বছর আলুর দাম তলানিতে। তার ওপর সাম্প্রতিক ঝড় ও টানা রাতভর বৃষ্টিতে বহু জমিতে এক হাঁটু জল জমে রয়েছে। সেই জলের উপর দাঁড়িয়েই আলু তুলতে হচ্ছে কৃষকদের।স্থানীয় সূত্রের দাবি, জমিতে থাকা প্রায় ৭০ শতাংশ আলু ইতিমধ্যেই পচে গিয়েছে। শ্রমিকের অভাব পরিস্থিতিকে আরও জটিল করেছে। দ্রুত বাকি আলু তোলা না গেলে নিচু জমির ফসল সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। ফলে নির্বাচনী প্রচারের চেয়ে এখন কৃষকদের কাছে বড় লড়াই ফসল বাঁচানো।

# পণ্যবাহী গাড়ি উল্টে গেল জাতীয় সড়কে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মার্চ :** ৩১ নম্বর জাতীয় সড়কের পানিয়ালগুড়ি এলাকায় পণ্য বোঝাই একটি দূরপাল্লার গাড়ি জাতীয় সড়কের উপর উল্টে যায় এর ফলে ব্যাপক যানজট তৈরি হয় জাতীয় সড়কে। প্রচুর গাড়ি আটকে যায় জাতীয় সড়কে। এমনটাই জানা গেছে শামুকতলা রোড পুলিশ ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছ থেকে শনিবার বিকেল চারটা নাগাদ। জানা গেছে ঘন্টা দুয়েকের প্রচেষ্টায় গাড়িটিকে জাতীয় সড়ক থেকে তুলে জাতীয় সড়ক যানজট মুক্ত করা হয়েছে।

# ২৪ শে মার্চ আলিপুরদুয়ারে নির্বাচনী প্রচারে আসবেন মমতা বন্দ্যোপাধ্যায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মার্চ :** রাজ্যের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা ব্যানার্জি আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে আসছেন সভা করতে আগামী ২৪ শে মার্চ মঙ্গলবার। নির্বাচনী প্রচারে আসবেন মমতা ব্যানার্জি সভা করবেন আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে। এদিন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল থেকে শুরু করে প্রশাসনিক কর্তারা প্যারেড গ্রাউন্ড পরিদর্শন করেন। এর আগেও প্যারেড গ্রাউন্ডে সভা করেছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । নরেন্দ্র মোদী সভা করার পরেই প্রশ্ন উঠেছিল প্যারেড গ্রাউন্ড নষ্ট হয়ে গেছে সবুজ ধ্বংস হওয়ায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্যারেড গ্রাউন্ডের সভা করলে প্যারেড গ্রাউন্ড কি নষ্ট হবে না এমন প্রশ্নের উত্তরে আলিপুরদুয়ারের তৃণমূলের প্রার্থী সুমন কাঞ্জিলাল জানিয়েছেন প্যারেড গ্রাউন্ডে দাঁড়িয়েই মমতা ব্যানার্জি আলিপুরদুয়ার জেলা ঘোষণা করেছিলেন। নরেন্দ্র মোদী প্যারেড গ্রাউন্ড নষ্ট করেছিলেন কিন্তু মমতা কোন বারেই প্যারেড গ্রাউন্ডে সভা করার পর প্যারেড গ্রাউন্ড নষ্ট হয় নাই।

# প্রেমিক যুগলকে জনতার হাত থেকে উদ্ধার করলো পুলিশ ,এলাকায় রয়েছে উত্তেজনা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মার্চ :** ভিন্ন সম্প্রদায়ের এক যুবককে নিয়ে ঘরে শুয়ে ছিলেন এক গৃহবধূ। এমনকি ওই গৃহবধূ অন্য বাড়িতে স্নান সারতে গেলেও রীতিমতো প্রেমিক কে ঘরের তালা দিয়ে দেখে গেছেন যেন বাইরে থেকে কেউ বুঝতে না পারে। ভিন্ন সম্প্রদায়ের এক যুবককে নিয়ে ঘরে শুয়ে রয়েছেন বিষয়টি আঁচ করতে পেরেই প্রতিবেশীরা বাড়িতে হানা দিয়ে গৃহবধূ সহ যুবককে ধরে উত্তম মাধ্যম শুরু করে। এলাকার মহিলারা ওই গৃহবধূকে জুতোপেটা করতেও কোন দ্বিধাবোধ করেননি। মহিলার পাশাপাশি যুবককেও জুতোপেটা করে বিদ্যুতের খুঁটিতে বেঁধে রেখেছে। এমন ঘটনার কথা চাউর হতেই মহিলা এবং পুরুষ ও যুবক যুবতীদের লাইন লেগে যায় ওই প্রেমিক-প্রেমিকাকে দেখার জন্য। যদিও জেলার মুখে ওই যুবক জানিয়েছেন বেলা এগারোটা থেকেই তিনি ওই মহিলার সঙ্গে ঘরেই ছিলেন একই বিছানায়। তবে পাড়া-প্রতিবেশীরা জানিয়েছে ওই যুবক গতকাল রাত থেকেই ওই গৃহবধুর ঘরে ছিল। কারণ গতকাল রাত থেকেই ওই গৃহবধুর ঘরের পাশে যুবকের একটি বাইক রাখা ছিল। এলাকার মহিলারাও জানতেন ওই গৃহবধূ বিভিন্ন যুবকের সঙ্গে পরকীয়ায় জড়িত। মাঝে ওই গৃহবধূকে পাড়া-প্রতিবেশীরা সাবধান করেছিলেন কিন্তু পাড়ার মহিলাদের তোয়াক্কা না করেই বহাল একাধিক পুরুষের সঙ্গে পরকীয়ায় জড়িত হয়ে গেছিল ২২ বছরের গৃহবধূ। পাড়া প্রতিবেশীদের কাছ থেকে জানা গেছে গৃহবধূ তার স্বামীকে ছেড়ে মামার বাড়িতে চলে এসেছে। প্রায় কুড়ি মিনিট প্রেমিক-প্রেমিকাকে বিদ্যুতের খুঁটিতে বেঁধে রাখে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা বাজার সংলগ্ন টট পাড়া ৩ বিঘা এলাকায়। বিকেল পাঁচটা নাগাদ শামুকতলা থানার পুলিশ এসে গৃহবধূ এবং যুবককে শামুকতলা থানায় নিয়ে যায়। বিষয়টি নিয়ে সাময়িক উত্তেজনা রয়েছে এলাকায়।

# কড়া নজরদারিতে প্রকাশ সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট, নির্দেশ নবান্নের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২১ মার্চ :** সোমবার কড়া নজরদারিতে প্রকাশ করা হবে সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট ,নির্দেশ নবান্নের । সোমবার এর পর থেকে প্রতি সপ্তাহে শুক্রবার প্রকাশ করা হবে সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট । নির্বাচন কমিশন সুত্রে খবর , প্রত্যেক বুথে এই সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট টাঙিয়ে দেওয়া হবে । এখনো পর্যন্ত পশ্চিমবঙ্গে প্রায় ৮০ হাজার ৭১৯ টি বুথের মধ্যে ৪০ হাজার বুথের সাপ্লিমেন্টারি ভোটার লিস্ট তৈরি। মোট বিচারাধীন ৬০ লাখ এর মধ্যে ২৩ লাখ ২৩ হাজার নিষ্পত্তি হয়েছে । সোমবার এর ভোটার তালিকা প্রকাশ ঘিরে কড়া নজরদারির নির্দেশ দিয়েছে "নবান্ন "। ২৩ এবং ২৯ এপ্রিল রাজ্যে বিধানসভা নির্বাচন । এই নির্বাচনী আবহে সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশকে কেন্দ্র করে যাতে কোন রকমের সমস্যা না হয় সেই জন্য প্রশাসন কে সতর্কতামূলক ব্যবস্থার নির্দেশ নবান্নের। ২১ মার্চ শনিবার ,বিজ্ঞপ্তি প্রকাশ করে "স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তর" জানিয়েছে , আগামী ২৩ মার্চ সোমবার সন্ধ্যায় সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করা হতে পারে। সংবেদনশীল এলাকাগুলোতে কড়া নজরদারি রাখা সহ আইনশৃঙ্খলা বজায় রাখার নির্দেশ দেওয়া হয়েছে জেলাশাসকদের।

# মালদহের ইংরেজবাজারে মার্কেটের ছাদ ভেঙ্গে মৃত এক ,আহত এক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২১ মার্চ :** মালদহ জেলার ইংরেজ বাজারে মার্কেটের ছাদ ভেঙ্গে পড়ে মৃত এক, আহত এক। জানা গেছে লাগাতার বৃষ্টিতে মালদহ শহরের বহু পুরনো নেতাজি কমার্শিয়াল মার্কেটের ছাদ ভেঙ্গে পড়ে শনিবার সকালে। ছাদ ভেঙ্গে মৃত্যু হয় মার্কেটের নৈশ প্রহরী প্রদীপ মন্টু সরকারের। আহত হন দীপ সর্দার নামে মার্কেটের সাফাইকর্মী । দমকল কর্মীরা আহতকে উদ্ধার করে মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যান মার্কেটের ব্যবসায়ীরা। সেখানেই তার চিকিৎসা চলছে। মার্কেটের ব্যবসায়ীরা জানান মার্কেটটি বহু পুরনো। এর আগে ইংরেজ বাজার পৌরসভার ভাইস চেয়ারম্যান বাবলা সরকার এর উদ্যোগে ছাদের টিন পালটানো হয়েছিলো। ব্যবসায়ীদের অভিযোগ পৌরসভার অধীনে মার্কেটটি রয়েছে। পৌরসভা মার্কেটের ট্যাক্স বাড়িয়েছে কিন্তু মার্কেটের সংস্কারে কোনো উদ্যোগ নেয়নি। মার্কেটের সংস্কারের জন্য বারবার পৌরসভাকে জানানো হয়েছে কিন্তু পৌরসভা সংস্কার করেনি। ছাদ ভেঙ্গে মৃত্যুর ঘটনায় পৌরসভার গাফিলতির দিকেই আঙ্গুল তুলেছেন ব্যবসায়ীরা। ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান। তিনি জানান ব্যবসায়ীদের অভিযোগ সংক্রান্ত কোনো বিতর্কে যাবেননা। এখন নির্বাচনী আচরন বিধি লাগু আছে। নির্বাচনের পর সমস্ত বিষয় খতিয়ে দেখে মার্কেট সংস্কার এর জন্য ব্যবস্থা গ্রহন করা হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |